127

দৈনিক সংবাদ

তারিখ ... JUN. 2 6 1999
পৃঃ 7 কলাম ৬

# বুয়েটের সব ছাত্র সংগঠন আন্দোলনে যাচ্ছে

( বিশ্ববিদ্যালয় সংবাদদাতা )

বুয়েটে ভাঙচুর ঘটনায় ছাত্রদের বিরুদ্ধে নেয়া কর্তৃপক্ষের ব্যবস্থা বুয়েটের ছাত্র সংগঠনগুলো প্রত্যাখ্যান করেছে। বুয়েট খোলার আগেই তারা আন্দোলনে যাচ্ছে। গত ২৫ ও ২৬শে এপ্রিল সংঘটিত ভাঙচুর ঘটনায় তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটির রিপোর্টের পরিপ্রেক্ষিতে বোর্ড অফ রেসিডেন্স এন্ড ডিসিপ্লিন গত বৃহস্পতিবার ছাত্রদের বিরুদ্ধে যে শাস্তি নির্ধারণ করে তার প্রতিবাদ জানিয়েছে সকল ছাত্র সংগঠন। গতকাল রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে তারা এক সভায় জানিয়েছে, তদন্ত কমিটি এবং তার রিপোর্টকে তারা অনেক আগেই প্রত্যাখ্যান করেছে। তাই এই রিপোর্টের পরিপ্রেক্ষিতে যে শাস্তি দেয়া হয়েছে তা মেনে নেয়ার প্রশ্নই উঠে

যাচ্ছে ঃ পৃঃ ১১ কঃ ২

## যাচ্ছে ঃ আন্দোলনে

( ১ম পৃষ্ঠার পর )

না।

ছাত্র নেতৃবৃন্দ জানান, কর্তৃপক্ষ তাদের দাবিকে উপেক্ষা করে যে সিদ্ধান্ত ঘোষণা করেছেন, তার প্রতিবাদে দু'একদিনের মধ্যে তারা কঠোর আন্দোলনে যাচ্ছে।

ছাত্র নেতৃবৃন্দ জানান, তাদের সুস্পষ্ট দাবি হচ্ছে ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত। শুধু ছাত্রদের বিরুদ্ধে ব্যবস্থা নিলেই চলবে না, যে সমস্ত শিক্ষক উস্কানিদানসহ বিভিন্ন ঘটনায় জড়িত তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নিতে হবে।

গতকালের সভায় বাংলাদেশ ছাত্রলীগ, জাতীয়তাবাদী ছাত্রদল, বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টসহ অন্য ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ এবং ইউকসু-র অন্য হলো ছাত্র সংসদের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।